



# BOSE INSTITUTE

## Falta Experimental Farm

Falta, South 24 Parganas, West Bengal

### তিনদিন ব্যাপী বৃত্তিমূলক প্রশিক্ষণ

ভারতবর্ষের নাম করা গবেষণা প্রতিষ্ঠানগুলির মধ্যে কলকাতার বসু বিজ্ঞান মন্দির অন্যতম। বিশিষ্ট বিজ্ঞানী আচার্য জগদীশ চন্দ্র বসু ১৯১৭ সালে এই গবেষণা কেন্দ্রটি প্রতিষ্ঠা করেন। যদিও এই গবেষণা প্রতিষ্ঠানের প্রধান লক্ষ্য হলো মৌলিক গবেষণা করা তথাপি ২০০৮ সাল থেকে বসু বিজ্ঞান মন্দির দক্ষিণ ২৪ পরগনা জেলায় তার ফলতা এক্সপেরিমেন্টাল ফার্মে জৈব প্রযুক্তি প্রয়োগে গ্রামীণ উন্নয়ন নামে একটি প্রকল্প শুরু করে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য, জৈব প্রযুক্তি প্রয়োগ করে গ্রামবাংলার নিম্ন আয়ের মানুষের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে জীবিকা অর্জনের ব্যবস্থা করে গ্রাম বাংলার উন্নয়ন করা।



বসু বিজ্ঞান মন্দিরের ফলতা এক্সপেরিমেন্টাল ফার্ম কর্তৃক মার্চ মাসের তৃতীয় সপ্তাহ নাগাদ তিন দিন ব্যাপী বৃত্তি মূলক প্রশিক্ষণের জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। আবেদন পত্র বিনামূল্যে পাওয়া যাবে ফলতা ফার্ম এবং <http://www.jcbose.ac.in/> এই website থেকে ৬.০৩.২০২১ থেকে ১২.০৩.২০২১ তারিখ পর্যন্ত।

আবেদনকারীকে পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনো বিদ্যালয় থেকে অন্তত অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে এবং তার বয়স ০১.০১.২০২১ তারিখে অবশ্যই ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। আবেদন পত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার এবং আধার কার্ড এর প্রতিলিপি জমা দিতে হবে।

প্রশিক্ষণ দেওয়া হবে এই চারটি বিষয়ের উপর, যথা-

১. মাশরুম বা ছাতু উৎপাদন

২. মৌমাছি পালন

৩. কেঁচো সার উৎপাদন

৪. মাছ চাষ

এই স্বল্পমেয়াদী প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীদের প্রতিদিন নিজের দায়িত্বে সকাল ১১ টার মধ্যে ফলতা ক্যাম্পাসে উপস্থিত হতে হবে এবং প্রশিক্ষণ শেষ হবে বিকাল ৪ ঘটিকায়। কোনোরকম থাকবার ব্যবস্থা নেই। প্রশিক্ষণের পর প্রত্যেক সফল প্রশিক্ষণার্থীকে একটি সুদৃশ্য শংসাপত্র প্রদান করা হবে। প্রশিক্ষণ চলাকালীন কোনো রকম যাতায়াত ভাড়া এবং উপবৃত্তি প্রদান করা হবে না। প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য মধ্যাহ্নভোজের ব্যবস্থা থাকবে।

**আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৩.০৩.২০২১**

আবেদন পত্র জমা দিতে হবে এই ঠিকানায়

*The In-Charge*

**FALTA EXPERIMENTAL FARM**

P.O+P.S- Falta, District :- South 24 Parganas

West Bengal, India, Pin-743504

Email : [rbpfalta@jcbose.ac.in](mailto:rbpfalta@jcbose.ac.in)



## বসু বিজ্ঞান মন্দির ফলতা এক্সপেরিমেন্টাল ফার্ম ফলতা দঃ ২৪ পরগনা

মাশরুম বা ছাতু উৎপাদন, মৌমাছি পালন, কেঁচো সার উৎপাদন, মাছ চাষ এর উপর প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তির জন্য আবেদন পত্র।

1. Name of the Candidate (In Capital Letter) (প্রার্থীর নাম):-

.....

2. Gender .....

3. Address (ঠিকানা) :-

Vill.....Post.....

P.S.....PIN No.....

District.....State.....

4. Contact No (যোগাযোগ) :- .....

5. E-Mail ID (ই-মেইল, যদি থাকে) :- .....

6. Date of Birth (জন্ম তারিখ) :- \_\_\_\_/\_\_\_\_/\_\_\_\_ (DD/MM/YY)

7. Category (Tick) GEN  OBC  SC  ST  PH(HH)

8. Educational Qualification (শিক্ষাগত যোগ্যতা) :-

Examination Passed (ডিগ্রি)	Boards/School/University/ (বোর্ড / বিদ্যালয় / বিশ্ববিদ্যালয় এর নাম)	Subject (বিষয়)	Year of Passing (কোন বছর পাস করেছেন)

9. Any Experience (কোন অভিজ্ঞতা) :-

.....

I do hereby declare that entire document and all information submitted in this application form are true to the best of my knowledge. (উপরিউক্ত তথ্য সমূহ সঠিক বলে ঘোষণা করছি)

Date (তারিখ) :-

.....  
Signature of Applicant (আবেদনকারীর স্বাক্ষর)